**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 19-07-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ সংবিধানের ৩৬১ নম্বর ধারায় রাজ্যপালের পদ-কে দেওয়া রক্ষাকবচ নিয়ে প্রশ্ন তুলে রাজভবনের এক মহিলা কর্মীর দায়ের করা আবেদনের প্রেক্ষিতে সুপ্রিম কোর্ট, রাজ্যের উদ্দেশে নোটিশ জারি করেছে।

২/ ভগবানগোলা এবং বরানগর বিধানসভা উপ নির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণে দেওয়া নির্দেশ মানা হয়েছিল কিনা, তা' জানতে চেয়ে রাজভবন বিধানসভাকে চিঠি দিয়েছে।

৩/ বিদ্যুতের মাশুল বৃদ্ধির প্রতিবাদে বিজেপির ভিক্টোরিয়া হাউজ অভিযানে কলকাতা হাইকোর্ট আজ শর্তসাপেক্ষে অনুমতি দিয়েছে।

৪/ জম্মু কাশ্মীরের ডোডায় জঙ্গী হামলায় শহীদ ক্যাপ্টেন ব্রিজেশ থাপার শেষকৃত্য আজ দার্জিলিং এর লেবং-এ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে।

৫/ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লীগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল, পুলিশ এ সি-র বিরুদ্ধে ৬-০ গোলে জয়ী হয়েছে।

***************************************************************

সংবিধানের ৩৬১ নম্বর ধারায় ফৌজদারি, দেওয়ানি ও সাংবিধানিক মামলায় তদন্ত করা থেকে রাজ্যপালের পদ-কে দেওয়া রক্ষাকবচ নিয়ে প্রশ্ন তুলে রাজভবনের মহিলা কর্মীর দায়ের করা আবেদনের প্রেক্ষিতে সুপ্রিম কোর্ট,

রাজ্যের উদ্দেশে নোটিশ জারি করেছে। রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোসের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ নিয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন ওই কর্মী। আজ প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং বিচারপতি জে বি পার্দিওলা ও মনোজ মিশ্রার বেঞ্চ এই মামলায় রাজ্যকে নোটিশ জারির পাশাপাশি সংবিধানের ৩২ নম্বর ধারার অধীনে ভারত সরকারকে এই মামলায় যুক্ত করার ব্যাপারে ওই মহিলা কর্মীকে স্বাধীনতা দিয়েছে। এছাড়াও, এব্যাপারে কেন্দ্রের অ্যাটর্নি জেনারেল আর ভেঙ্কাটারামানির সাহায্য'ও চাওয়া হয়েছে।

উল্লেখ্য, গত দোসরা মে রাজভবনের অস্থায়ী এক কর্মী রাজ্যপালের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ করলেও, কলকাতা পুলিশ রাজ্যপালের বিরুদ্ধে কোনো মামলা দায়ের করেনি। ওই মহিলা হাইকোর্টে গেলে সেখানেও তদন্তে স্থগিতাদেশ দেওয়া হয়। এরপরই সুপ্রিম কোর্টে রিট পিটিশন দাখিল করেন তিনি। আইনজীবির দাবি, ৩৬১ নম্বর ধারায় রক্ষাকবচ থাকায় অভিযোগের তদন্ত করা সম্ভব হচ্ছে না। এরপরই রক্ষাকবচ-এর বিষয়টি মূল্যায়ণের জন্য সুপ্রিম কোর্ট মত প্রকাশ করে। তিন সপ্তাহ পর এই মামলার ফের শুনানি হবে।

*************************

ভগবানগোলা এবং বরানগর বিধানসভা উপনির্বাচনে জয়ী দুই প্রার্থীকে শপথ বাক্য পাঠ করানোর জন্য উপাধ্যক্ষ আশিস বন্দ্যোপাধ্যায়কে দেওয়া দায়িত্ব মানা হয়েছিল কিনা সে বিষয়ে জানতে চেয়ে রাজভবনের তরফে বিধানসভা সচিবালয়কে চিঠি দেওয়া হয়েছে। সম্প্রতি শেষ হওয়া চার বিধানসভা উপনির্বাচনে জয়ী প্রার্থীদের মধ্যে গতবারের দুই বিধায়ককে নির্দেশ অমান্য করে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় শপথ বাক্য পাঠ করিয়েছেন বলে সংবাদমাধ্যমে যে খবর প্রকাশিত হয়েছে তা কতটা সত্য চিঠিতে তার ব্যাখ্যা চাওয়া হয়েছে বলে বিধানসভার সূত্রে জানা গিয়েছে। ঘটনা সত্যি হলে এর পরেও শপথ গ্রহণ নিয়ে কেন অনুমতি চাওয়া হচ্ছে চিঠিতে রাজ্যপাল সেই প্রশ্ন তুলেছেন। পাশাপাশি বিধানসভার অধিবেশন বারবার মুলতুবি ঘোষণা না করে কেন স্থগিত করে দেওয়া হচ্ছে তাও জানতে চাওয়া হয়েছে।

উল্লেখ্য, আগামী সোমবার থেকে শুরু হতে চলা অধিবেশনে বিধানসভায় উপস্থিত থাকার জন্য সদ্য নির্বাচিত চার জন বিধায়ককে ডাকা হয়েছে বলে সূত্রের খবর।

এদিকে, কোন্ পরিস্থিতিতে গতবার দুই বিধানসভা উপনির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ বাক্য পাঠ করানো হয়েছিল তার বিস্তারিত জানিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় রাজভবনে পালটা চিঠি দিয়েছেন বলে জানা গিয়েছে।

**************************

'জিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া', ২০৩০ সালের মধ্যে সারা দেশে ভূমিধ্বস-প্রবণ এলাকাগুলিতে পূর্বাভাস দেবার ব্যবস্থা চালু করবে। কলকাতায় আজ সংস্থার জাতীয় ভূমিধ্বস পূর্বাভাস কেন্দ্রের উদ্বোধন করে কেন্দ্রীয় খনি মন্ত্রী জি কিষান রেড্ডি একথা জানিয়েছেন। তিনি বলেন, দেশে ভূমিধ্বস সহ বিভিন্ন প্রাকৃতিক বিপর্যয়ে বহু মানুষের জীবন ও সম্পত্তি হানি ঘটে। নতুন এই পূর্বাভাস কেন্দ্রের মাধ্যমে এই ধরণের ক্ষয়ক্ষতি কমানো যাবে বলে শ্রী রেড্ডি আশা প্রকাশ করেন।

( বাইট- জি কিষেণ রেড্ডি)

**************************

অনলাইনে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য রাজ্য পুলিশের তরফ থেকে আজ একটি পোর্টাল চালু করা হয়েছে। ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার সহ শীর্ষ আধিকারিকদের উপস্থিতিতে পশ্চিমবঙ্গ পুলিশের সদর দফতর ভবানী ভবন থেকে আজ এই পোর্টালের আনুষ্ঠানিক সূচনা হয়। এর আগে শুধুমাত্র কলকাতা এবং বিধাননগর পুলিশ কমিশনারেটে অনলাইনে মাধ্যমে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়া যেত। পশ্চিমবঙ্গ পুলিশের আওতাধীন এলাকায় পুরনো পদ্ধতিতে ওই সার্টিফিকেট পেতে মানুষকে হয়রানি মুখে পড়তে হত। এখন থেকে pcc.wb.gov.in এবং পশ্চিমবঙ্গ পুলিশের ওয়েবসাইটে সরাসরি ক্লিয়ারেন্স সার্টিফিকেটের জন্য আবেদন করা যাবে। রাজ্যের বাইরে থেকেও অনলাইনে আবেদন জানানো যেতে পারে । আবেদন করার ৭২ ঘণ্টা থেকে এক সপ্তাহের মধ্যেই অনলাইনে ওই সার্টিফিকেটের কপি পাওয়া যাবে বলে জানানো

হয়েছে। তবে অনলাইন মাধ্যম শুরু করা হলেও পুরনো পদ্ধতিতে আবেদন করার পথও সমান্তরালভাবে খোলা থাকছে ।

************************

বিদ্যুতের মাশুল বৃদ্ধির প্রতিবাদে বিজেপির ভিক্টোরিয়া হাউজ অভিযানে কলকাতা হাইকোর্ট আজ অনুমতি দিয়েছে। তবে, ২২শে জুলাই এই মিছিলের ডাক দেওয়া হলেও তা' ২৬শে জুলাই করতে হবে বলে হাইকোর্ট জানায়। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ এই মিছিলের জন্য আড়াই ঘন্টা সময় বেঁধে দিয়েছেন। দুপুর আড়াইটে থেকে বিকেল পাঁচটার মধ্যে গোটা কর্মসূচী শেষ করতে হবে। আইন শৃঙ্খলা রক্ষার জন্য পর্যাপ্ত পুলিশ কর্মী মোতায়েনের'ও নির্দেশ দিয়েছে আদালত।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, পশ্চিমবঙ্গে যেকোনো বিরোধী কর্মসূচীর জন্য আদালতের দ্বারস্থ হতে হয়।

(বাইট- শুভেন্দু )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ CESC-র একচ্ছত্র ক্ষমতার জন্য বাম সরকারকে দায়ী করেছেন।

(বাইট- কুণাল )

************************

বেহাল বিদ্যুত পরিষেবার বিরুদ্ধে গ্রামবাসীদের বিক্ষোভ অবরোধকে কেন্দ্র করে রণক্ষেত্র মালদার এনায়েতপুরের পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে। এই ঘটনায় পুলিশের হাতে ধৃত ২৬ জনকে আজ মালদা আদালতে পেশ করা হলে তাদের ১৪ দিনের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে। আহত আই সি সহ অন্যান্যদের শারীরিক অবস্থা স্থিতিশীল। বিক্ষোভ চলাকালীন পুলিশের গুলি চালনার প্রতিবাদে CPIM-এর ডাকা ১২ ঘণ্টার মানিকচক বন্‌ধ ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। কংগ্রেস'ও এই বন্‌ধকে সমর্থন জানায়।

অতিরিক্ত পুলিশ সুপার সম্ভব জৈন নিরাপত্তার দিকটি খতিয়ে দেখতে আজ এলাকা পরিদর্শনে যান। নতুন করে অশান্তির কোনো খবর নেই বলে তিনি জানিয়েছেন।

************************

নদীয়ার কৃষ্ণনগরে তোলাবাজির টাকা দিতে না চাওয়ায় মাছ ব্যবসায়ীকে লক্ষ্য করে দুষ্কৃতীদের গুলি চালানোর ঘটনায় পুলিশ একজনকে আটক করেছে। পরিবারের লোকজন এই ঘটনায় দুজনের নামে অভিযোগ দায়ের করেছেন। সিসিটিভি ফুটেজে তাদের দেখতে পাওয়া গেছে বলেও পুলিশ জানিয়েছে।

আগেই জানানো হয়েছে, কৃষ্ণনগরের গোয়ারী বাজারের কাছে আজ সকালে দুষ্কৃতীরা বিশ্বনাথ ঘোষ নামে ওই ব্যক্তিকে লক্ষ্য করে গুলি চালালে তিনি জখম হন। একটি গুলি তাঁর পায়ে লাগে । এরপর, তাঁকে রাস্তায় ফেলে বেধড়ক মারধর করা হয় এবং পিস্তল দিয়ে মাথা ফাটিয়ে দেওয়া হয় বলে অভিযোগ । আশঙ্কাজনক অবস্থায় বিশ্বনাথবাবুকে শক্তিনগর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

************************

পুলিশ হেফাজতে আবু সিদ্দিক হালদারের মৃত্যুতে দোষীদের শাস্তির দাবীতে আজ দক্ষিণ ২৪ পরগণার ঢোলাহাটে ISF এক প্রতিবাদ সভার আয়োজন করে। দলের বিধায়ক নৌশাদ সিদ্দিকির অভিযোগ, CID-র নাম করে আবু সিদ্দিকের বাড়ি গিয়ে ভয় দেখানো হচ্ছে। প্রশাসন উপযুক্ত ব্যবস্থা না নিলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে বলে হুঁশিয়ারি দেন তিনি। আদালতের পর্যবেক্ষণে তদন্তের'ও দাবী জানিয়েছেন নৌশাদ।

************************

জম্মু কাশ্মীরের ডোডায় জঙ্গী হামলায় শহীদ ক্যাপ্টেন ব্রিজেশ থাপার শেষকৃত্য আজ দার্জিলিং এর লেবং-এ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। তোপ ধ্বনির মধ্যে দিয়ে শহীদ ক্যাপ্টেনের প্রতি শেষ শ্রদ্ধা জানানো হয়। ব্রিজেশের বাবা অবসরপ্রাপ্ত কর্নেল ভুবনেশ থাপা বলেন, দেশের জন্য ছেলে শহীদ হয়েছেন। সেজন্য তিনি গর্বিত।

(বাইট- ব্রিজেশ থাপা )

************************

রাজ্য সরকার চলতি খরিফ মরসুমে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ৫১ লক্ষ ৩৭ হাজার ৩৭৮ মেট্রিক টন ধান সংগ্রহ করেছে।

গত পয়লা নভেম্বর থেকে আজ পর্যন্ত ১২ লক্ষ ৯৮ হাজার ৭১৫ জন কৃষক ২ হাজার ৫৭১টি কেন্দ্রের মাধ্যমে এই পরিমাণ ধান বিক্রী করেছেন বলে খাদ্য ও সরবরাহ দপ্তর সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, চলতি মরসুমে রাজ্য সরকার কুইন্ট্যাল প্রতি দুই হাজার ১৮৩ টাকা সহায়ক মূল্যে ধান কিনছে।

*************************

দুনিয়া জুড়ে মাইক্রোসফট পরিষেবা বসে যাওয়ায় আজ কলকাতা বিমান বন্দরের ১৪ টি উড়ান বাতিল হয়ে যায়। বেলা দেড়টা পর্যন্ত বিমান বন্দর থেকে উড়ান চলাচল পরিষেবা বিঘ্নিত হওয়ার খবর পাওয়া গেছে।

এদিকে, সংরক্ষণ বিরোধী আন্দোলনে বাংলাদেশের দর্শনায় আজ কলকাতা-ঢাকা আপ মৈত্রী এক্সপ্রেস আটকে পড়ে। বেশ কিছুক্ষণ পর সেটি গন্তব্যে রওনা দেয় তবে, আজকের ডাউন এবং আগামীকাল ও রবিবার এই ট্রেন বাতিল করা হয়েছে।

*************************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লীগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল, পুলিশ এ সি-র বিরুদ্ধে ৬-০ গোলে জয়ী হয়েছে।
ইস্টবেঙ্গলের পক্ষে জেসিন টি. কে. দুটি, আমন সি., সায়ন ব্যানার্জী, পি ডি বিষ্ণু, শ্যামল বেসরা একটি করে গোল করেছেন।
ইস্টবেঙ্গল ৫ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে গ্রুপ বি- র লীগ শীর্ষে আছে।

বিধাননগরে অন্য ম্যাচে, ডায়মন্ড হারবার এফ সি ৭-১ গোলে মেসারাস এফ সি-কে পরাজিত করেছে।
আজকের আরেকটি খেলায় ব্যারাকপুরে সুরুচি সংঘ ৩-০ গোলে বিএসএস-কে হারিয়ে দিয়েছে।
*********************************************************